দৈনিক ইত্তেফাক

২/১১/২০০০

তারিখ ...
পৃষ্ঠা ১৩ কলাম ৪

মেডিক্যাল বিশ্ববিদ্যালয়

# দুইপক্ষই মুখোমুখি ।। ভর্তি পরীক্ষা অনিশ্চিত ।। রোগীদের দুর্ভোগ

ইত্তেফাক রিপোর্ট ।। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি গতকাল বৃহস্পতিবারও উন্নতি হয় নাই। বিএনপি সমর্থিত চিকিৎসকদের সংগঠন ড্যাব গতকাল বিশ্ববিদ্যালয় চত্বরে মিছিল বাহির করে। তাহাদের মিছিলে শ্লোগান ছিল ভিসির পদত্যাগ ও ভর্তি কমিটি বাতিল না করা পর্যন্ত পরীক্ষা কার্যক্রম বন্ধ রাখিতে হইবে। গতকাল ভিসিসহ বেশীরভাগ কর্মকর্তা বিশ্ববিদ্যালয়ে আসেন নাই। এই অবস্থায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কার্যক্রম ভাঙ্গিয়া পড়ার উপক্রম হইয়াছে বলিয়া কয়েকজন কর্মকর্তা জানান। সরকারের পক্ষ হইতেও এই অচলাবস্থা নিরসনে নীরব

(১৫শ পৃষ্ঠায় ৭-এর কঃ দ্রঃ)

## দুই পক্ষ মুখোমুখি

(শেষ পৃষ্ঠার পর)

ভূমিকা পালন করায় চিকিৎসকদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হইয়াছে। ড্যাব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়কে সাবেক আইপিজিএমআর করিবার দাবী জানায়। গতকাল মেডিক্যাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে চক্রান্তে ক্ষোভ প্রকাশ করেন। রোগীদের চিকিৎসা ব্যাহত হইতেছে। দেশের বিভিন্ন এলাকা হইতে বিপুল সংখ্যক চিকিৎসক মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর কোর্সের ভর্তি ফরমের জন্য আসিয়া অপেক্ষা করিতেছেন। গতকালও ভর্তি পরীক্ষার ফরম বিক্রি শুরু হয় নাই। স্নাতকোত্তর কোর্সে ভর্তি পরীক্ষা অনিশ্চিত হইয়া পড়িয়াছে বলিয়া একজন কর্মকর্তা জানান। মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের পক্ষ ও বিপক্ষ গ্রুপ মুখোমুখি অবস্থায় রহিয়াছে।